R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
অল্পব্যয়ে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পাণ্ডিত (দাদাঠাকুর)

এভারেষ্ট
এ্যাসবেসটস শীট
বৈশিষ্ট্যতায় ভরা, কয়েক দশক ধরে সকলের প্রিয়।
মহকুমার একমাত্র পরিবেশক—
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৪শ বর্ষ
১৬শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৪ই ভাদ্র, বুধবার, ১৩৮৪ সাল।
৩১শে আগষ্ট, ১৯৭৭ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৭৲, সডাক ৮৲

## পুনরায় বিদ্যুৎ জামানতের তাগিদ, গ্রাহকদের দুশ্চিন্তা

বিশেষ প্রতিনিধি, ৩১ আগষ্ট—এ মাসের গোড়ার দিকে সাগরদীঘি গুচ্ছ বিদ্যুৎ সরবরাহ সংস্থা থেকে গ্রাহকদের
পুনরায় বিদ্যুৎ জামানত জমা দেওয়ার তাগিদ দেওয়া হয়েছে। কি কারণে গ্রাহকদের দ্বিতীয় বার জামানত জমা
দিতে হবে সে সম্পর্কে কোন বিজ্ঞপ্তি প্রচার না করেই ডুম করে গ্রাহকদের নামে নামে জামানতের বিল পাঠিয়ে একটা
নির্দিষ্ট দিনে টাকা জমা দিতে বলা হয়েছে। পুরনো গ্রাহকরা বিদ্যুৎ সংস্থার এরূপ আচরণে দুশ্চিন্তায় পড়েছেন।
জুনিয়ার ষ্টেশন সুপারিনটেনডেনট সত্যেন্দ্রনাথ নাগ এ ব্যাপারে কিছু জানাতে রাজি হননি। তিনি আমাকে শুধু
জানিয়েছেন, ওপর থেকে অরডার আছে, তাই…। এদিকে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ থেকেও খবরের কাগজের
লোকদের কাছে ইনজিনিয়ার এবং অফিসারদের মুখ খুলতে মানা করে দিয়েছেন। ২৫ আগষ্ট বিদ্যুৎ সরবরাহ অফিস-
গুলিতে সেই নির্দেশ এসে পৌঁচেছে। নির্দেশে বলা হয়েছে, খবরের কাগজের যদি কিছু জানার থাকে তবে তাঁদের
সরাসরি পর্ষদের জনসংযোগ আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে হবে। এই নির্দেশ কিসের ইঙ্গিত দেয়, আশা
করি, পাঠকদের বুঝতে অসুবিধা হবে না। অনুমান করা হচ্ছে, ১৯৭৪ সালের পর ১৯৭৬ সাল পর্যন্ত দু'বার বিদ্যুতের
দাম বাড়ার ফলে পর্ষদ পুনরায় জামানত চাইছেন। পুরনো যাঁরা তাঁদের কাছেও। কারণ, কিলোওয়াট অনুসারে
গ্রাহকদের ৩ মাসের সমপরিমাণ ব্যবহৃত বিদ্যুতের টাকা জামানত হিসেবে জমা দিতে হয়। এই কারণে, বিদ্যুৎ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## চোরাই সিমেন্ট আটক, ৩জন গ্রেপ্তার

নিজস্ব সংবাদদাতা, ২৭ আগষ্ট—গতকাল রঘুনাথগঞ্জ পুলিশ গোপন সূত্রের সংবাদের ভিত্তিতে রঘুনাথগঞ্জ গাড়ীঘাটে ১৫০ বস্তা সিমেন্ট বোঝাই একটি ট্রাক আটক করেছে এবং ট্রাক চালকসহ তিন ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। ধৃত ব্যক্তিদের বিরুদ্ধে জঙ্গিপুর আদালতে ৩৭৯, ৪১১, ৪০৬, ৪০৭ ও ১২০ (বি) আই পি সি ধারায় চুরি, প্রতারণা, ষড়যন্ত্র প্রভৃতির অভিযোগে একটি মামলা রুজু করা হয়েছে। ধৃত ব্যক্তিদের নাম মানিক চক্রবর্ত্তী, পরিমল ভাস্কর ও আবুল সেখ। পুলিশী সূত্রে পাওয়া এই সংবাদের বিস্তৃত বিবরণে প্রকাশ, গতকাল জঙ্গিপুর ব্যারেজের ( আহিরণ ) গোডাউন থেকে আহিরণে একটি সরকারী কাজের জন্য ঠিকাদার মোহনলাল জৈন ১৫০ বস্তা সিমেন্ট পান। জনৈক মনি দাস সেই সিমেন্ট ডেলিভারী নিয়ে নির্দিষ্ট স্থানে না গিয়ে ঠিকাদারের বাড়ী সাইদাপুরে নিয়ে যাওয়ার জন্য রঘুনাথগঞ্জ গাড়ীঘাটে গঙ্গা পারাপারের জন্য অপেক্ষা করতে থাকেন। এই সময় খবর পেয়ে ও সি

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## চন্দন হত্যা মামলায় নৈশপ্রহরী ধৃত

অরঙ্গাবাদ, ২৯ আগষ্ট—শহরের অশ্বিনীকুমার দাসের পরিচারক জগভাই-এর চন্দন ওরফে গদাধর সিং হত্যা মামলায় পুলিশ কুকুরের সাহায্যে গতকাল অনিল দাসের নৈশপ্রহরী হরেন সরকারকে গ্রেপ্তার করেছে। তদন্তের সময় পুলিশ কুকুর পর পর তিনবার হরেন সরকারের ওপর ঝাঁপিয়ে পড়লে তাঁকে গ্রেপ্তার করে জঙ্গিপুর আদালতে চালান দেওয়া হয়। আজ থেকে সাতদিন জিজ্ঞাসাবাদের জন্য এস ডি জে এম-এর অনুমতি সাপেক্ষে ধৃত নৈশপ্রহরীকে পুলিশ হেফাজতে রাখা হয়েছে। ২২ আগষ্ট সকালে অশ্বিনী দাসের বাড়ি থেকে চন্দনের মৃতদেহ উদ্ধার করা হয়। ময়না তদন্ত রিপোরটে চন্দনের মৃত্যুকে 'আত্মহত্যা' বলে অভিহিত করা হয়েছে। সন্দেহজনকভাবে পুলিশ হত্যার মামলা রুজু করেছে। আরো তদন্ত চলছে।

## জন্ম তারিখে কারচুপি

নিজস্ব সংবাদদাতা, ২৯ আগষ্ট—রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লকের দফরপুর অঞ্চলের চড়কা গ্রামের দফাদার সামিরুদ্দিন সেখ চাকরির খাতায় জন্ম তারিখ লিখেছেন দুটো। একটি বাঙলায়, অপরটি ইংরেজীতে। ইংরেজী বছর অনুসারে ধরলে তাঁর চাকরির মেয়াদ তিন মাস আগে শেষ হয়ে যাওয়ার কথা; গত মে মাসে তাঁর রিটায়ার করা উচিত ছিল। আর যদি বাঙলা বছর অনুসারে ধরা যায় তবে তাঁর এখনও ৬ বছর চাকরির মেয়াদ আছে। এ ক্ষেত্রে কি করা উচিত, তদন্তকারী সাগরদীঘি ব্লকের পঞ্চায়েত অফিসার মঞ্জুর হোসেন তা এখনও ঠিক করে উঠতে পারেননি। দফাদার-চৌকিদাররা ঠিকমত বেতন

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## গ্রামে গ্রামে ডাক পৌঁছে দেওয়ার প্রস্তাব

বিশেষ প্রতিনিধি, ৩১ আগষ্ট—কেন্দ্রীয় সরকারের প্রতিটি গ্রামে ডাক পৌঁছে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণার পরিপ্রেক্ষিতে জঙ্গিপুর মহকুমা ডাকঘর সমূহের পরিদর্শক অমুলাক্ষ মুখারজি মহকুমার জন্য ৭+২ টি ভ্রাম্যমাণ ডাকঘরের প্রস্তাব করেছেন। এ সম্পর্কে এক প্রশ্নের উত্তরে তিনি জানিয়েছেন, প্রস্তাবে দু'রকম ভ্রাম্যমাণ ডাকঘরের সুপারিশ করা হয়েছে। (১) সরাসরি সাব পোষ্ট অফিসের সঙ্গে যুক্ত এ রকম দুটি ভ্রাম্যমাণ ডাকঘর—রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর। এর ফলে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## মানি অরডার উধাও

সাগরদীঘি, ৩১ আগষ্ট—১৯৭৬ সালের ডিসেম্বর মাসে আসামের ২বি ডি ই টি, ৪২ ডবলু ই ভি, ৯৯ এ পি ও থেকে সেনাবাহিনীতে কর্মরত বাসুদেবচন্দ্র সাহা মনিগ্রামে তাঁর বাবা মদনমোহন সাহার ঠিকানায় মানি অরডার যোগে ৮০০ টাকা পাঠিয়েছিলেন। কিন্তু সে টাকা দীর্ঘদিন পরেও প্রাপকের হস্তগত না হওয়ায় প্রেরক আসামের সংশ্লিষ্ট পোষ্টাল সুপারিনটেনডেনটের কাছে মানি অরডারের কথা জানিয়ে আবেদন করেন। আবেদনের পরিপ্রেক্ষিতে তিনসুখিয়া সাউথ সাব ডিভিসন

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )



জীবাণু সার
এ্যাজেটোব্যাকটর
ধান চাষের
খরচ কমায় ও ফলন বাড়ায়
প্রস্তুতকারক· মাইক্রোবস ইণ্ডিয়া·৮৭, লেনিন সরণী, কলি-১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৪ই ভাদ্র বুধবার, সন ১৩৮৪ সাল।

## ঔষধের রোগ

অতি সম্প্রতি একটি বহুল প্রচারিত দৈনিক পরিবেশিত সংবাদে জানা গিয়াছে যে, অত্যাবশ্যক ঔষধের মূল্য নাকি কিছুটা কমিবে। কারণ রাজ্য বাজেটে প্রস্তুত ভেষজের উপর বিক্রয়-কর ৮ ভাগ হইতে ৬ ভাগ করিবার ব্যবস্থা করা হইয়াছে। ঔষধের দাম কমিবার সম্ভাবনার হেতু ইহাই।

উল্লেখিত সংবাদটি অতঃপর রোগী-কুলকে কথঞ্চিৎ আশ্বস্ত করিবে, সে বিষয়ে সন্দেহ নাই। চিকিৎসা—ব্যক্তিগতভাবে চিকিৎসক নিযুক্ত করিয়াই হউক অথবা হাসপাতালের শরণাপন্ন হইয়াই হউক, আজকাল বেশ সমস্যার বিষয়। সাধারণ অসুখের জন্যও ব্যবস্থাপত্রে কয়েক রকমের ঔষধ থাকিবে এবং তদুপরি ইনজেকশন আর শরীরের বলকারক—এই সব নানা ফিরিস্তিতে তিন অঙ্ক বিশিষ্ট টাকা কোন্ দিক দিয়া গলিয়া যায়। হাসপাতালের রোগীকে শতকরা নব্বই ভাগ ঔষধ বাহির হইতে কিনিয়া লইতে হয়। সুতরাং ঔষধের দাম কমিলে রোগীসাধারণের কিছুটা সুরাহা হইবে বৈকি।

প্রশ্ন উঠিতে পারে ঔষধ উৎপাদক বা বিক্রেতা—ইহাদের উপর কোন চাপ পড়িবে কি না। যেহেতু বিক্রয়-কর কমাইয়া দেওয়া হইতেছে, তাই উৎপাদক ও বিক্রেতা—উভয়ের লোকসানের কারণ নাই। বরং ক্রেতার ক্রয়ক্ষমতা বাড়িবে তাহাতে তাঁহাদের লাভ ছাড়া লোকসান হওয়ার কথা নয়।

ঔষধক্রেতার ক্রয়ক্ষমতা এবং ক্রয়-প্রবণতা দুইই বাড়িবে। প্রকৃতিস্থ বায়ুমণ্ডল হইতে আরম্ভ করিয়া খাদ্যাদি আজ নির্ভেজাল নহে। শহরাঞ্চলের বায়ুমণ্ডল কল-কারখানা এবং নানা যানবাহনের ধোঁয়ায় ক্লিন্ন; সুতরাং দূষিত। তেল, মশলা, লবণ, ঘি, দুধ, দই, ছানা প্রভৃতি হেন জিনিস নাই যাহার উপযোগী অনুষঙ্গী নাই। তৈলবর্ণধারী নানা বীজ নিষ্কাশিত তেল সরিষার তেল বলিয়া কথিত এমন স্নেহপদার্থ যাহা নরদেহযন্ত্রের প্রতি আদৌ স্নেহশীল নয়। জিরায় ঘাসবীজ, অন্যান্য মশলা উপযুক্ত দ্রব্য, লবণে বালি, কত বলিব? সর্ব রকমের অখাদ্যই আজ খাদ্য যাহা শরীরে হামেশাই সহে না। তাই বিচিত্র ব্যাধির উপহার এবং তাহাদের নিরাময় করিতে নিত্যনূতন ঔষধ আর ক্রম-বর্দ্ধমান তাহার বিক্রয়। আগের চেয়ে এখন যেমন অসুখের সংখ্যা বাড়িয়াছে, তেমনি বাড়িয়াছে ঔষধের বিক্রয়। ঔষধের দাম কমিবে বলিয়া রোগী-সাধারণ উৎফুল্ল হইলেও বিক্রেতার বিক্রয়ে কমতি ঘটিবে না। তাই ক্রেতা ও বিক্রেতা, কাহারও দুশ্চিন্তার কিছু নাই।

## ভাঙন প্রতিরোধ নিয়ে দুর্নীতির তদন্ত হবে

ধুলিয়ান, ২৫ আগষ্ট—গত বৃহস্পতি-বার রাজ্য সেচমন্ত্রী প্রভাস রায় গঙ্গা ভাঙন এলাকা পরিদর্শনের পর জন-সাধারণের কাছ থেকে বিভিন্ন অভিযোগ শোনেন এবং ভাঙন প্রতি-রোধ নিয়ে দুর্নীতির তদন্ত হবে বলে আশ্বাস দেন। তাঁর পরিদর্শনের পর ভাঙন প্রতিরোধের কাজ বন্ধ হয়ে যায় বলে ঠিকাদার সূত্রে জানা যায়। তাঁরা জানান, নিরাপত্তার অভাবে তাঁরা কাজ বন্ধ রেখেছিলেন। ফরাক্কার এম এল এ হাসনাৎ খান নিরাপত্তার প্রতিশ্রুতি দেওয়ায় ২০ আগষ্ট থেকে তাঁরা আবার কাজ শুরু করেছেন। নির্ভরযোগ্য সূত্রের খবর, সি পি এম এর তত্ত্বাবধানে গঙ্গা ভাঙন প্রতিরোধ প্রকল্পের কাজ এগিয়ে চলেছে।

## সন্দেহজনক আনাগোনা

সাগরদীঘি, ৩০ আগষ্ট—মনিগ্রাম থেকে পাওয়া এক খবরে প্রকাশ, গত সপ্তাহে সাগরদীঘি থানার মহিষাসুর গ্রামের আদিবাসীরা রেল লাইনের ধারে একটি চামড়ার সুটকেশ খোলা অবস্থায় পড়ে থাকতে দেখে। তার কয়েকদিন পরই মহিষাসুর-নওপাড়া হল্ট ষ্টেশনের কাছে একদিন সকালে প্যান্ট-শারট পরা এক যুবককে আহত ও সংজ্ঞাহীন অবস্থায় রেল লাইনের ধারে পড়ে থাকতে দেখা যায়। কিছু-ক্ষণ পর আদিবাসীরা লক্ষ্য করে আজিমগঞ্জের দিক থেকে রেল লাইন ধরে দু'জন যুবক দৌড়ে এসে আহত যুবকটিকে কাঁধে তুলে জমির আলের উপর দিয়ে ছুটে অদৃশ্য হয়। গ্রাম-বাসীদের ধারণা, সংশ্লিষ্ট যুবকরা ট্রেনে ছিনতাইকারী দলের লোক। আহত যুবকটি আগের রাতে কোন ট্রেনে ছিনতাই করে নামতে গিয়ে অথবা এক কামরা থেকে অন্য কামরায় যেতে গিয়ে চলন্ত ট্রেন থেকে পড়ে যায়। এই এলাকায় সন্দেহজনক আনাগোনার ফলে পুলিশী তদন্তের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

## খেলোয়াড় নিয়ে বিদ্যালয়ে বিদ্যালয়ে বিবাদ

বিশেষ প্রতিনিধি : ভেজাল খেলোয়াড় নিয়ে আন্তঃ বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতায় প্রতিদ্বন্দ্বিতা করার অভিযোগক্রমে গত ১৯ আগষ্ট মহকুমা শাসক মীরা সেনগুপ্তর দরবারে ফরাক্কা থানার নয়নসুখ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের বিচার অনুষ্ঠিত হয়। অভিযোগকারী ওই একই থানার তিলডাঙ্গা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। তিলে তিলে সংগৃহীত সমস্ত অভিযোগের ভিত্তিতে বিচারকালে আসামী নয়নসুখ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মৃদুভাবে অভিযোগ স্বীকার করায় (বেকায়দায় পড়ে) সভা মৃদু ভৎর্সনান্তে সাবধান করে দিয়ে নিন্দাসূচক প্রস্তাব গ্রহণ করে এবং বে-কসুর খালাশ দেয়।

অভিযোগটি কি? নয়নসুখ উচ্চ মাধ্যমিক বিদ্যালয় প্রতি বছরের মত এবারেও ভেজাল খেলোয়াড় নিয়ে খেলতে গিয়ে ধরা পড়ে যায় বিভীষণ বাহিনীর দৌলতে গত ৮ আগষ্ট নিজের মাঠে। প্রতিপক্ষ তিলডাঙ্গা প্রতিবাদ জানিয়ে খেলা বয়কট করে, ফলে ফাঁকা ফিল্ডে একটি গোল ঢুকিয়ে রেফারী মশাই সগৌরবে ক্যাম্পে ফিরে যান। অভিযোগ ছিল স্কুলের ছাত্র নয়, এমন বেশ কয়েকজনকে খেলানো হয়েছে। মীরা সেনগুপ্তর বৈঠকে দাবী উঠে 'লোকাল' ইনকোয়ারীর। সমস্ত ফাঁস হয়ে যাবে আশঙ্কায় নয়নসুখের চৌধুরী মশাই অজ্ঞতার ভান করে স্বীকার ক'রে ফেলেন যে 'সেট-আপ ছাত্রদের খেলান হয়েছে এবং সেটা যে অনিয়ম এ কথাটি তাঁর জ্ঞানের সীমার বাইরে। চমৎকার অভিনয় এবং নিখুঁত। ফলে মৃদু ভৎর্সনা...ইত্যাদি।

লোকাল তদন্ত হলে কোন বিপরীত চিত্র ফুটে উঠতো? দেখা যেত ৮ আগষ্ট খেলেছে বিদ্যালয়ের নিয়মিত ছাত্র মাত্র পাঁচজন, বাকীরা দীর্ঘদিন পড়া ছেড়েছে অষ্টম এবং নবম শ্রেণীতে। আর পড়ে না তবে বেকায়দায় পড়লে বিনি পয়সায় নাম টেনে নিয়ে যেতে থাতায় কোন বাধা ছিল না। বাকী ব্যারাজ স্কুলের নৈশ বিভাগের ছাত্র এবং এক চায়ের দোকানের ছেলের সম্পর্কে এবং আরো দু' জনের সম্পর্কে বিপদগ্রস্ত হয়ে বহিষ্কার হবার আশঙ্কা ছিল। দ্বিতীয় পর্যায়ে ১১ আগষ্ট কাঁকুড়িয়ায় নয়নসুখ বিদ্যালয় বনাম ব্যারাজ বিদ্যালয়ের খেলায় মালদার কালিয়াচক থানার বৈষ্ণবনগরের যে ক'জন ছাত্র খেলেছিল সে সম্পর্কে চৌধুরী মশাই শাক দিয়ে মাছ ঢাকতে পারতেন না। যার জন্য আগেভাগেই মৃদু অপরাধ স্বীকার করে ভরাডুবি থেকে বিদ্যালয়কে বাঁচিয়েছেন বলে সকলে উৎফুল্ল যে, "হামকো মারিস বহুৎ সা, লেকিন কোই বে-ইজ্জৎ নেই কিয়া"।

এই মামলার নেপথ্যে যাঁরা সাহায্য করেছেন নয়নসুখ বিদ্যালয়ের চৌধুরী মশাইকে তাঁদের অন্যতম হচ্ছেন তিনি যিনি সম্প্রতি সুতীতে 'শিসের' শিস দেওয়া বন্ধ করে নিজেই শিস দিচ্ছেন। তবে শিস জোরদার নয়। তিনি উপযুক্ত গুরু দ্রোণাচার্যের উপযুক্ত শিষ্য একলব্য। দরক রে গুরুর সাথে দীর্ঘদিন লুকোচুরি, পরে প্রকাশ্যে খেলা খেলে আরও পরে গুরুর কাছে 'পদাশ্রয় দিয়েছ দাসেরে, নিষ্ফল করোনা প্রভু করুণা তোমার' বলে কূলে নৌকা লাগিয়েছেন। আর তিলডাঙ্গার ইসলাম সাহেব একই দলভুক্ত থাকায় মনে মনে তিলে তিলে ফুঁসছেন। একেই বলে খেলাতেও রাজনীতির খেলা!

## কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন অভিযান

নিজস্ব সংবাদদাতা, ২৯ আগষ্ট—১৯৭৭-এর বি এ/বি এস সি পারট ওয়ান অনার্স্ ও পাস পরীক্ষায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপচার্যের নির্দেশে পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যা-লয় শিক্ষক সমিতির মুর্শিদাবাদ জেলা শাখার ৭ জন অধ্যাপক সদস্যকে নিয়ে জেলার বিভিন্ন কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য একটি পরিদর্শক দল গঠন করা হয়েছে। আজ তাঁরা জঙ্গিপুর কলেজ পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করে জানান, পরীক্ষা নির্বিঘ্নে চলছে। পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নিয়মাবলী যথাযথভাবে পালিত হচ্ছে। জেলার বিভিন্ন কলেজ থেকে প্রাপ্ত সংবাদে প্রকাশ, এ পর্যন্ত প্রায় ৬০ জন পরীক্ষা-র্থীকে পরীক্ষা হল থেকে বহিষ্কার করা হয়েছে।

## সংঘর্ষ, লুঠতরাজ

সাগরদীঘি, ২৮ আগষ্ট—একটি নালা কাটার ঘটনাকে কেন্দ্র করে গতকাল এই থানার ফুলশহরী গ্রামে দুই দলে সংঘর্ষ বাধলে ৪ জন আহত হন। ৫ জনের বাড়ি ভেঙে ফেলা হয় এবং হামলা চালিয়ে ২০ হাজার টাকা লুঠ করা হয় বলে পুলিশের কাছে অভিযোগ করা হয়েছে। সরকারীভাবে এ মাসেই নালাটি কেটে জল বের করে দেওয়ার পর এই নিয়ে দু'বার সংঘর্ষ ঘটে।

## মৃতদেহ উদ্ধার

ফরাক্কা, ৩০ আগষ্ট—কিছুদিন পূর্বে ফরাক্কা থানার চিলামারা গ্রামের কমল সিংহকে নৃশংসভাবে হত্যা করে গ্রামের পাশের এক জলাশয়ে চাদরে মাটি বেঁধে মৃতদেহ ডুবিয়ে দেয়া হয়। মাটি গলে গেলে মৃতদেহটি ভেসে ওঠে। পুলিশ যথারীতি পরীক্ষাগারে মৃতদেহটি পাঠিয়ে দেয়। অদ্যাবধি কাউকে গ্রেফতার সম্ভব হয়নি। জানা যায়, ওই গ্রামের গোয়ালা পরিবারের দু'জন পলাতক।

### বোমা বিস্ফোরণে জখম

সাগরদীঘি, ২৮ আগষ্ট—একটি কৌটোবোমা বিস্ফোরণে এই থানার হলদি গ্রামের দু'জন মহিলা জখম হয়েছেন। আহতদের নাম কমলা রায় ও মীরা রায়। পুলিশী সূত্রের খবরে প্রকাশ, ঘটনার দিন ( ৮ আগষ্ট ) কমলা ও মীরা জ্বালানী কুড়াতে গিয়ে পোপাড়ার উপকণ্ঠে কেলাখোড়া পুকুর পাড়ে একটি কৌটো কুড়িয়ে পান। তাঁদের মধ্যে একজন কৌটোটি খোলার চেষ্টা করতেই বিস্ফোরণ ঘটে এবং তাঁরা দু'জনেই আহত হন। একই জায়গা থেকে পোপাড়ার জনৈক ব্যক্তি অনুরূপ একটি কৌটো কুড়িয়ে পান এবং বাড়ি নিয়ে আসেন। পরে ওই বিস্ফোরণের কথা জানতে পেরে তিনি গ্রামের ভেতরেই রাস্তার ওপর কৌটোটি ছুঁড়ে দিয়ে বিস্ফোরণ ঘটান।

### সন্তরণ প্রতিযোগিতা

নিমতিতা রুদ্র সংঘের উদ্যোগে ধুলিয়ান থেকে নিমতিতা পর্যন্ত গঙ্গাবক্ষে ১৫ কিমি সাঁতার প্রতিযোগিতা আগামী ২৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে। নাম দেবার শেষ তারিখ ১০ সেপ্টেম্বর, প্রবেশ মূল্য ৯ টাকা।

## 'ভেজাল খাঁ-চৌধুরী'

বিশেষ প্রতিনিধিঃ শিক্ষা বিভাগের বৈধ সরকারী উপঃ সহকারী বা অবর বিদ্যালয় পরিদর্শক নন, তাঁরা শুধু পার্টির ক্যাডার—শুধু এই সুবাদেই প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করার অভিযোগ আমাদের দফতরে এসেছে। এবং এই গুরুতর অভিযোগের সম্মুখীন হন মুর্শিদাবাদ জেলা সি-পি-আই-এমের সম্পাদক সত্যনারায়ণ চন্দ্র গত ১৫ আগষ্ট, যখন তিনি ফরাক্কার বিভিন্ন জায়গায় ছোট ছোট সভায় যোগদান করছিলেন। তাঁদেরই এক ক্যাডার বেনীয়াগ্রাম বুনিয়াদী বিদ্যালয়ে অনুষ্ঠিত এক সভায় এই গুরুতর অভিযোগটি উত্থাপন করলে তিনি বিস্মিত হন এবং সভায় হাজির দুই ভেজাল পরিদর্শক খাঁ ও চৌধুরী সাহেবকে তিরস্কার করেন। লোকে সেখানে এই যুগলকে 'ভেজাল খাঁ-চৌধুরী' আখ্যা দিয়েছে।

### নজরুল মৃত্যুবার্ষিকী

রঘুনাথগঞ্জ, ২৯ আগষ্ট—আজ সন্ধ্যায় শহরের বিশ্বপতি চট্টোপাধ্যায়ের বৈঠকখানায় এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে বিদ্রোহী কবি নজরুলের প্রথম মৃত্যুবার্ষিকী পালন করা হয়। অনুষ্ঠানের আয়োজন করেন জঙ্গিপুর সাহিত্য পরিষদ।

### জঙ্গিপুরে সঙ্গীতানুষ্ঠান

জঙ্গিপুর, ২৭ আগষ্ট—ফিল্ড পাবলিসিটি অফিস, মুর্শিদাবাদ এবং জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তরের যৌথ উদ্যোগে জঙ্গিপুর মহকুমায় ৫ দিন ব্যাপী বাউল, দেশাত্মবোধক ও পল্লীগীতির মনোজ্ঞ অনুষ্ঠান হয়ে গেল। এই অনুষ্ঠান ২২ আগষ্ট থেকে ২৬ আগষ্ট পর্যন্ত মিরজাপুর, মণ্ডলপুর, মিঞাপুর, রঘুনাথগঞ্জ বিবেকানন্দ ক্লাব ও জঙ্গিপুর বাসন্তীতলা ক্লাবে অনুষ্ঠিত হয়।

### ব্যাঙ্ক কর্মচারী ধর্মঘট

রঘুনাথগঞ্জ, ২৯ আগষ্ট—সারা ভারত ব্যাঙ্ক কর্মচারী সমিতির ( এ আই বি ই এ ) ডাকে দ্বিপাক্ষিক আলোচনায় অচলাবস্থার অবসান, বেতন কাঠামোর পুনর্বিন্যাস, সাধারণ মানুষের স্বার্থে ঋণদান নীতির সংশোধন ইত্যাদি ৬ দফা দাবিদাওয়ার ভিত্তিতে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার রঘুনাথগঞ্জ শাখায় দু'ঘণ্টা অবস্থান ধর্মঘট করেন ব্যাঙ্কের কর্মীরা। ১৮ আগষ্টও অনুরূপ ধর্মঘট পালিত হয়।

## দুটি পল্লী জলমগ্ন

ধুলিয়ান, ৩০ আগষ্ট—দীর্ঘদিন ধরে ধুলিয়ান পুরসভার ১১নং ওয়ার্ডের গুড়িপাড়া ও মমিনপাড়া পল্লী দুটি জলমগ্ন হয়ে রয়েছে। চারদিক উঁচু বলে জল নিকাশের কোন ব্যবস্থা এখন পর্যন্ত হয়নি। গত মে মাস থেকে পল্লী দুটি জলমগ্ন থাকায় কয়েকটি বাড়ির ক্ষতি হয়েছে, জমা জল পচে গিয়ে দুর্গন্ধময় হয়েছে, সংক্রামক ব্যাধি ছড়িয়ে পড়ার সম্ভাবনা রয়েছে এবং বাড়িঘর জলমগ্ন থাকায় তাঁত ও বিড়ি বাঁধার কাজ প্রায় বন্ধ হয়ে গিয়েছে। পুর বা সমষ্টি উন্নয়ন কর্তৃপক্ষের তরফ থেকে জল নিকাশের কোন ব্যবস্থা নেওয়া হয়নি বলে নাগরিকরা জানিয়েছেন। আর এস পির পক্ষ থেকে গত ১৬ আগষ্ট জল নিষ্কাশনসহ বিভিন্ন সাহায্যের দাবিতে সামসেরগঞ্জ ব্লকে গণডেপুটেশন দেওয়া হয়েছে।

### অনুমোদন লাভে বঞ্চিত

অরঙ্গাবাদ, ৩০ আগষ্ট—খবরে প্রকাশ, সুতী ১নং ব্লকের সাদিকপুর বি কে জুনিয়র হাই স্কুলটি ১৯৬৫ সাল থেকে 'টু ক্লাস' হিসেবে পরিচালিত হয়ে আসছে। গ্রাম্য দলাদলির ফলে আজ পর্যন্ত নাকি স্কুলটি 'ফোর ক্লাস' এর অনুমোদন পায়নি। আরো প্রকাশ, ইতিপূর্বে স্কুলের দু'জন শিক্ষককে ভীতি প্রদর্শন করা হয়। তাঁদের মধ্যে একজন অভিযোগ করেছেন যে, তাঁকে স্কুলে যোগদান করতে দেওয়া হয়নি। বিভিন্ন মহলে তিনি তদন্ত দাবি করেছেন বলেও জানা গেছে।

### দফাদার-চৌকিদার কমিটি

নিজস্ব সংবাদদাতা: আগামী ৪ সেপ্টেম্বর চৌকিদার-দফাদারদের কলকাতা সম্মেলনে জঙ্গিপুর মহকুমা থেকে ৪০০ প্রতিনিধি যোগ দেবেন বলে জানা গেছে। সম্প্রতি রঘুনাথগঞ্জে অনুষ্ঠিত চৌকিদার-দফাদার সমিতির মহকুমা সম্মেলনে এই সিদ্ধান্ত নেওয়া হয়। সম্মেলনে কার্যনির্বাহক সমিতির নির্বাচন সম্পন্ন হয়। সভাপতি ও সম্পাদক নির্বাচিত হন শিস মহম্মদ ও প্রদীপ নন্দী।

### বিড়ি মজদুর সভা

গত ২৮ আগষ্ট সি পি আই এম পরিচালিত বিড়ি মজদুর ইউনিয়নের ডাকে জঙ্গিপুর শহরে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সর্বভারতীয় শ্রমিক নেতা মহঃ ইসমাইল প্রমুখ।

### হিলারী ফরাক্কায় থামবেন

ফরাক্কা, ৩০ আগষ্ট—গঙ্গা অভিযানের অধিনায়ক স্যার এডমণ্ড হিলারী তাঁর দলবল নিয়ে গঙ্গা অভিযানের পথে আগামী দোসরা সেপটেম্বর ফরাক্কা আসছেন বলে এক খবরে জানা যায়। তাদের পৌঁছানোর সঠিক সময় প্রকাশ পায়নি তবে ২।১ দিন ফরাক্কায় প্রয়োজনবোধে থাকতে পারেন এবং সে মত ব্যবস্থাও রাখা হয়েছে এখানে।

### অফিস বেয়ারার নির্বাচন

নিজস্ব সংবাদদাতা, ২৯ আগষ্ট—গত ১২ আগষ্ট সাগরদীঘি বালিকা উচ্চ বিদ্যালয় ম্যানেজিং কমিটির অফিস বেয়ারার নির্বাচন অনুষ্ঠিত হয়। সভাপতি ও সম্পাদক নির্বাচিত হন যথাক্রমে নিমাইচাঁদ রায় ও বদরুল হক। ১৯৭৬ সালের ২৫ জানুয়ারী তারিখে ম্যানেজিং কমিটি নির্বাচনের পর পরাজিত প্রার্থীরা হাই কোর্টে এ্যাড হক কমিটি গঠনের আবেদন জানানোয় এই নির্বাচন এতদিন স্থগিত ছিল।

Wanted a B. A. (Arabic) Teacher preferably trained. Apply within 15 days. Secretary, Jotekamal Jr. High School, P. O. Jangipur, Dt. Murshidabad.

এখন দুর্গাপুর সিমেন্ট
২১.৫০ পঃ মূল্যে
পাওয়া যাচ্ছে
মাঙ্গিলাল মুন্দ্রা (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন—২১
সৌজন্যে : মুন্দ্রা বস্ত্রালয়
জঙ্গিপুর ফোন—৩৯

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

ক্যালকাটা সাইকেল ষ্টোর
( জগন্নাথের সাইকেলের দোকান )
ফুলতলা রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস বিক্রয় ও মেরামতির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## বিদ্যুৎ জামানতের তাগিদ

( ১ম পৃষ্ঠার পর )

ব্যবহারের তারতম্য অনুযায়ী বিলের তারতম্য ঘটে এবং বিলের তারতম্য অনুযায়ী জামানতের তারতম্য ঘটে। তাই সবার জামানত একই রকম হয় না। সাগরদীঘিতে অনুরূপ কারণে পুনরায় জামানতের টাকা চাওয়া হয়েছে। অবশ্য পুরনো গ্রাহকরা নতুন করে জামানত জমা না দিলে কি ব্যবস্থা নেওয়া হবে, সারকুলারে সে সম্পর্কে কিছু বলা হয়নি। অতএব দ্বিতীয়বার বিদ্যুৎ জামানতের টাকা জমা দেওয়া বা না দেওয়া নির্ভর করছে গ্রাহকদের ওপর ; বিশেষ করে সাগরদীঘি ছাড়া মুর্শিদাবাদ জেলার আর কোথাও যখন নতুন করে বিদ্যুৎ জামানত চাওয়া হয়নি।

## জন্ম তারিখে কারচুপি

( ১ম পৃষ্ঠার পর )

পাচ্ছেন কি না সেই বিষয়ে অডিটের ভারপ্রাপ্ত হয়ে রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লকের দফরপুর অঞ্চল অডিট করার সময় তিনি দফাদার সামিরুদ্দিন সেখের জন্ম তারিখে কারচুপির ঘটনাটি ধরে ফেলেন।

## চোরাই সিমেন্ট আটক

( ১ম পৃষ্ঠার পর )

কুমুদশঙ্কর চ্যাটারজি পুলিশ বাহিনী নিয়ে গাড়ীঘাটে গিয়ে ট্রাকে উপস্থিত ব্যক্তিদের কাছে সিমেন্টের কাগজপত্র দেখতে চান। পুলিশকে যে কাগজপত্র দেখানো হয় তাতে পুলিশের সন্দেহ জাগে। তখন ট্রাক বোঝাই ১৫০ বস্তা সিমেন্টসহ তিন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। ধৃত ব্যক্তিদের মধ্যে শেষোক্ত দুই ব্যক্তিকে আজ জঙ্গিপুর আদালতে হাজির করা হোলে মহকুমা বিচারক জামসেদ আলি খান তাঁদের জামিন না মঞ্জুর করেন এবং ১০ সেপ্টেম্বর পর্যন্ত জেল হাজতে রাখার নির্দেশ দেন। মানিক চক্রবর্ত্তীকে অসুস্থতার কারণে রঘুনাথগঞ্জ পুলিশ গতকালই জঙ্গিপুর মহকুমা হাসপাতালে ভর্তি সাপেক্ষে জামিন দেন।

## চক্ষুরোগ বিশেষজ্ঞ

রঘুনাথগঞ্জের লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায়ের পুত্র ডাঃ দেবনাথ চট্টোপাধ্যায় এবার ডি ও ( চক্ষুরোগ বিশেষজ্ঞ ) পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ে এম এস কোর্সে ভর্তি হয়েছেন।

## মানি অরডার উধাও

( ১ম পৃষ্ঠার পর )

ডাকঘরসমূহের পরিদর্শক তদন্ত করেন এবং প্রেরকের কাছ থেকে ৮০০ টাকার এম ও রসিদ নিয়ে বিকল্প একটি রসিদ তাঁকে দেন। টাকার কোন হদিস এখনও পাওয়া যায়নি। তদন্ত চলছে। গত ১৩ আগষ্ট আজিমগঞ্জ সাব পোষ্ট অফিস থেকে মনিগ্রাম ব্রাঞ্চ পোষ্ট অফিসে টাকা খোয়া যাওয়ার ব্যাপারে আর এক দফা তদন্ত হয়েছে। কারণ, মনিগ্রাম ব্রাঞ্চ পোষ্ট অফিসটি আজিমগঞ্জ সাব পোষ্ট অফিসের অধীন। সন্দেহ করা হচ্ছে, আসামের সংশ্লিষ্ট ডাকঘরের কেরানী টাকা নিয়ে পালিয়েছেন। কেন না ডাক বিভাগের কোথাও ৮০০ টাকার সেই মানি অরডার ফরমটি নাকি পাওয়া যাচ্ছে না।

## দু'জন ছাত্রের বৃত্তি লাভ

জঙ্গিপুর, ৩০ আগষ্ট—রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের জোতকমল জুনিয়র হাই স্কুলের দু'জন ছাত্র চন্দ্রনাথ দাস ও লোকমান সেখ ১৯৭৬ সালে বৃত্তি লাভ করেছে বলে স্কুলের পক্ষ থেকে জানানো হয়েছে।

## ডাক পৌঁছে দেওয়ার প্রস্তাব

( ১ম পৃষ্ঠার পর )

রঘুনাথগঞ্জের দিকে ৭টি গ্রাম এবং জঙ্গিপুরের দিকে ৮টি গ্রাম উপকৃত হবে। (২) ব্রাঞ্চ অফিসের সঙ্গে যুক্ত থাকবে এ রকম ৭টি ভ্রাম্যমাণ ডাকঘর—মামুদপুর, আলমপুর, সাদিকপুর, বাইদপাড়, মণ্ডলপুর, নাচনা ও বাসুদেবপুর হাট। ভ্রাম্যমাণ ডাকঘরগুলি ৫/৬টি গ্রাম ঘুরে ঘুরে কাজ করবে। মহকুমায় এখন ৮২টি ব্রাঞ্চ, ১৬টি সাব এবং ২টি ভ্রাম্যমাণ ডাকঘর আছে।


চলিতেছে চলিতেছে

মাত্র কয়েক দিনের জন্য

ভারতের একমাত্র মিনি

ইন্দিরা সার্কাস

স্থান—রঘুনাথগঞ্জ ম্যাকেঞ্জি পার্ক ময়দান

প্রত্যহ দুইটি প্রদর্শনী বেলা ৪টা ও সন্ধ্যা ৭টা

জীবজন্তু ও তরুণ তরুণীর অপূর্ব্ব ক্রীড়াকৌশল দেখে অনাবিল আনন্দ উপভোগ করুন।




: বিশেষ আকর্ষণ :

জাপান প্রত্যাগত বেবী লোহিতার প্লাষ্টিক বোনলেসের খেলা দেখিয়া আনন্দে আত্মহারা এবং বিস্ময়ে অভিভূত হইবেন।

১ম শ্রেণী—২৲ ★ গ্যালারি—১৲



জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?

তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।

কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?

আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।

জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী





রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।